যুগান্তর

তারিখ 20 MAR 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

# জোট আমলে শিক্ষা খাতে অনিয়ম দুর্নীতি তদন্তে বিচার বিভাগীয় কমিশন হবে

## সংসদে প্রশ্নোত্তরে শিক্ষামন্ত্রী

সংসদ প্রতিবেদক

আগামী কয়েক মাসের মধ্যে জাতীয় শিক্ষানীতি চূড়ান্ত করা হবে। বর্তমান সরকার, কুদরত-ই-খুদা শিক্ষানীতির আলোকে রচিত শিক্ষানীতি ২০০০-এর অধিকতর সময়োপযোগী এবং বাস্তবতার সঙ্গে সঙ্গতিপূর্ণ করার জন্য একটি কমিটি করেছে।

বৃহস্পতিবার বিকালে জাতীয় সংসদে নেত্রকোনা-৫ আসনের সাংসদ ওয়ারেসাত হোসেন বেলালের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান। একই সঙ্গে তিনি বলেন, বর্তমানে কোন শিক্ষানীতি কার্যকর নেই। কুমিল্লা-৮ আসনের সাংসদ নাছিমুল আলম চৌধুরীর অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জোট সরকারের আমলে শিক্ষা খাতে দুর্নীতিগুলো চিহ্নিত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার ঘোষণা পুনর্ব্যক্ত করেন। তিনি বলেন, অনিয়ম-দুর্নীতিগুলো চিহ্নিত করতে একটি বিচার বিভাগীয় তদন্ত কমিশন গঠনের প্রক্রিয়া চলছে।

ঢাকা-১০ আসনের সাংসদ একেএম রহমতুল্লাহর অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, পাঠ্যবই ছাপানো ও বিতরণে যারা সংকট সৃষ্টির চেষ্টা করেছে তাদের চিহ্নিত করা হয়েছে। তাদের বিরুদ্ধে বিধিমতো ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। রাশেদ খান মেননের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ঢাকা মহানগরীতে সরকারি মাধ্যমিক বিদ্যালয়

কমিশন : পৃষ্ঠা ২ : কলাম ৭

## কমিশন : হবে

ও সরকারি কলেজগুলোতে আসন বৃদ্ধির বিষয়টি সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে।

সুরঞ্জিত সেনগুপ্তের এক সম্পূরক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি স্কুল-কলেজ ও মাদ্রাসা চলতি অর্থবছরে এমপিওভুক্ত করা সম্ভব না হলেও আগামী অর্থবছরে করা হবে। সে লক্ষ্যে ইতিমধ্যে আবেদনকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোর তালিকা তৈরি করা হচ্ছে। সুরঞ্জিত সেনের অপর এক প্রশ্নের জবাবে নুরুল ইসলাম নাহিদ বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বাধীনতার ঘোষণা ব্যাপকভাবে প্রচারের উদ্যোগ নেয়া হয়েছে। মুক্তিযুদ্ধের প্রকৃত ইতিহাস ও স্বাধীনতার ঘোষণার বিষয়টি পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হবে। এমনকি বঙ্গবন্ধুর ঐতিহাসিক ভাষণ ৮ম শ্রেণীর বইয়ে অন্তর্ভুক্ত করা হবে। এমপিও'র বিষয়ে হবিগঞ্জ-২ আসনের সাংসদ আবদুল মজিদ খানসহ আরও বেশ কয়েকজন সরকারি ও বিরোধী দলের সাংসদের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, চলতি অর্থবছরে এমপিও খাতে কোন অর্থ বরাদ্দ নেই।

জাহিদ মালিকের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান ১১ ধরনের শিক্ষা পদ্ধতি রয়েছে। বিভিন্ন শিক্ষা পদ্ধতির কারণে বৈষম্য তৈরি হচ্ছে। মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায়নসহ সব শিক্ষা পদ্ধতিকে একই কারিকুলামের আওতায় আনা হবে। একই সঙ্গে তিনি বলেন, বর্তমানে প্রথম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত শতকরা ৫০ ভাগ শিশু ঝরে পড়ছে। তবে তা কমিয়ে আনতে সরকার জোর প্রচেষ্টা চালাচ্ছে। রাশেদ খান মেননের অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, ঢাকা মহানগরে কোন বেসরকারি স্কুল-কলেজ ছাত্র ভর্তি বা বেতন-ভাতার সরকারি নীতিমালা অনুসরণ না করলে তদন্তে প্রমাণিত হলে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

### সরকারি পরিত্যক্ত বাড়ি ১৩ হাজার ২৩৬টি

সারাদেশে সরকারি বাড়ির সংখ্যা ১৩ হাজার ২৩৬টি। এর মধ্যে সরকারের দখলে ১১ হাজার ৮৮১টি এবং বেদখলে ১ হাজার ৩৫৫টি। এছাড়া রাজধানীতে গণপূর্ত অধিদফতরের অধীনে সরকারি পতিত জমির পরিমাণ ৬৪ দশমিক ২৭৮২ একর। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন জমির পরিমাণ ১৫ দশমিক ০২ বিঘা (৫ দশমিক ০ একর)।